



সেবা-প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত স্টেকহোল্ডারগণের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : আবু সাঈদ
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খাগড়াছড়ি পার্বত্য জেলা
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি


স্থান : জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি-এর সম্মেলন কক্ষ।
তারিখ ও সময় : ২৬ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ, বেলা ১১:০০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তা/ব্যক্তিবর্গের তালিকা পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ এর নির্দেশনা বাস্তবায়নে এ সভার গুরুত্ব ও বিষয়বস্তু তুলে ধরেন। তিনি সেবার মান বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সরকারি নানামুখী পদক্ষেপ নিয়ে আলোচনা করেন। তিনি জানান, সেবা প্রদান পদ্ধতি সহজিকরণে প্রত্যেকের অংশগ্রহণে নতুন নতুন ধারণা তৈরি করতে হবে। অতঃপর সভাপতি উপস্থিত স্টেক হোল্ডারগণের (অংশীজন) সেবা গ্রহণ ও সেবা প্রদান বিষয়ে মতামত প্রদানের আহ্বান জানান। উপস্থিত সকলের মতামত ও আলোচনার ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	<u>ভূমি রেজিস্ট্রেশনঃ</u> ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রম সহজিকরণ।	উপজেলাসমূহের দূরত্ব ও গুরুত্ব বিবেচনায় প্রাধিকার ভিত্তিতে যথাসময়ে ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	রেজিস্ট্রেশন কর্মকর্তা
২.	<u>স্থায়ী বাসিন্দা সনদপত্র প্রদানঃ</u> স্থায়ী বাসিন্দার সনদপত্র প্রদান সহজিকরণ।	সেবা গ্রহিতাদের ভোগান্তি কমাতে সোনালী ব্যাংক লিমিটেড, খাগড়াছড়ি শাখার পরিবর্তে স্ব-স্ব উপজেলার সোনালী ব্যাংকের শাখায় সনদের ফি জমাদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার সাধারণ শাখা
৩.	<u>বন্ধকী অনাপত্তির সনদ পত্র প্রদানঃ</u> জেলা প্রশাসকের কার্যালয় হতে বন্ধকী অনাপত্তির সনদ প্রদান।	সিটিজেন চার্টারে উল্লিখিত সময়ের মধ্যে বন্ধকী অনাপত্তির সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	জেনারেল সার্টিফিকেট অফিসার

পরিশেষে আলোচ্য কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।


(আবু সাঈদ)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও

সভাপতি

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)
হালনাগাদকরণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি
খাগড়াছড়ি পার্বত্য জেলা।




স্মারক নম্বরঃ ০৫.৪২.৪৬০০.০০২.০৬.০০১.২১- ১৮-৭৯

তারিখঃ ২১ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ২। সহকারী কমিশনার, রাজস্ব/স্থানীয় সরকার/শিক্ষা ও কল্যাণ/নেজারত/জুডিশিয়াল মুন্সিখানা শাখা, এ অফিস।
- ৩। সহকারী কমিশনার,-----শাখা, এ অফিস।
- ৪। জেলা প্রশাসক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তাঁর গোপনীয় সহকারী, এ অফিস।
- ৫। অফিস নথি/মাস্টার কপি।



(মোঃ এরফান উদ্দিন)

সহকারী কমিশনার

ও

সদস্য-সচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)

হালনাগাদকরণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

